

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

মুজিববর্ষের উপহার  
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮  
২৫ জুলাই ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদ প্রাপ্ত আর্থিক সেবা প্রদানকারী  
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কার্যক্রম সীমিত পরিসরে পরিচালনা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই, ২০২১ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ এর মাধ্যমে ২৩ জুলাই ২০২১ সকাল ৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত করোনা ভাইরাস জনিত সংকট মোকাবেলায় ২৩ শর্ত সম্বলিত বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। উক্ত বিধি-নিষেধের ২.৮ নং ক্রমিকের নির্দেশনার আওতায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০২১ তারিখের স্মারক নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.১৭৪ এর মাধ্যমে জারিকৃত নির্দেশনার আলোকে ক্ষুদ্রঋণ কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে এমআরএ এর সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(১) করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় আগামী ২৫ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) বিধি-নিষেধ চলাকালে এতদবিষয়ক সরকারের সকল নির্দেশনা অনুসরণ করে স্বাস্থ্য বিধি মেনে সীমিত পরিসরে সীমিত সংখ্যক জনবল দ্বারা সকাল ৯.০০ টা হতে বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম সংশ্লিষ্ট আর্থিক সেবা পরিচালনা;

(২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত এজেন্ট ব্যাংকিং সেবা, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ও রেমিটেন্স সেবা প্রদানসহ এ অথরিটির ইতিপূর্বের নির্দেশনার আওতায় সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম বিশেষ করে অসহায় প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে প্রয়োজনীয় মানবিক সহায়তা, খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী (মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, চিকিৎসা সরঞ্জাম ইত্যাদি) বিতরণ;

(৩) বিধি-নিষেধ চলাকালীন সময়ে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র বহন ও নিজস্ব ব্যবস্থাপনায় যাতায়াতের ব্যবস্থাকরণ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনা অনুসরণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ৪৮৩১৫৭১৫, ০১৮১৫৫০৩৯৭৫

ই-মেইলঃ director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১-১৩৪৫

তারিখঃ ২৫/০৭/২০২১

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইক্সটেন গার্ডেন রোড, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- (৭) জেলা প্রশাসক (সকল)।
- (৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৯) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- (১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিচালক